দৈনিক বাংলা

তারিখ ... 14/10/82 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ...

072

# প্রাথমিক শিক্ষকদের পেনশন

সমস্যা দেখা দিয়েছে বিরাট সংখ্যক অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষক নিয়ে। দীর্ঘদিন পূর্বে এরা অবসর গ্রহণ করলেও এদের পাওনা এখনও মিটিয়ে দেয়া হয়নি। এদের পাওনা মিটিয়ে দেয়ার জন্য কর্তৃপক্ষ প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। কিন্তু একটি শব্দের ব্যাখ্যা নাকি সব ভন্ডুল করে দিচ্ছে।

এ শিক্ষকেরা চাকরি নিয়েছিলেন দীর্ঘদিন পূর্বে। সেকালে প্রাথমিক বিদ্যালয় সরকারের আওতাধীনে ছিল না। আবার এরা অবসর গ্রহণ করেছেন প্রাথমিক বিদ্যালয় সরকারী আওতায় আসার পর। সুতরাং প্রশ্ন উঠেছে এরা কি ভাবে অবসরভাতা পাবেন। কত পাবেন। এর হিসাব হবে কোন ভিত্তিতে।

এ প্রশ্নের সমাধান করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে এক নির্দেশে বলা হয়েছে, অবসর গ্রহণকারী শিক্ষকেরা সরকারীকরণের পূর্বের চাকরিকালের অর্ধেক এবং পরবর্তীকালের পুরো বছরের ভিত্তিতে ভাতা পাবেন। তবে তাদের স্কুলের চাকরি অবিচ্ছিন্ন হতে হবে। অবিচ্ছিন্ন না হলে পূর্বের চাকরিকালের সুবিধা পাবেন না।

আমাদের মনে হয় এই 'অবিচ্ছিন্ন' শব্দটিকে একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দিতে হবে প্রকৃত পরিস্থিতির প্রেক্ষিতে। এবং সে ক্ষেত্রে ইউনিয়ন কাউন্সিলের সার্টিফিকেট গ্রহণযোগ্য হতে পারে। এবং সর্বনিম্ন পর্যায়ের স্থানীয় সংস্থা হিসেবে এর সার্টিফিকেট এই নিঃসহায় শিক্ষকদের পক্ষে সংগ্রহ করা কঠিন হবে না। যদিও এতেও প্রশ্ন উঠতে পারে সততার। সে ক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে সবাইকে অবিশ্বাস করলে কোন কাজ কখনইতো সম্ভব হবে না। আমরা আশা করব আমাদের এ সুপারিশ কর্তৃপক্ষ ভেবে দেখবেন।